তারিখ: 27 JAN 2016
পৃষ্ঠা: ১৫ কলাম: ৪

দৈনিক
ইত্তেফাক

# সালথায় টেন্ডার ছাড়া স্কুলের গাছ বিক্রি!

সালথা (ফরিদপুর) সংবাদদাতা

ফরিদপুরের সালথা উপজেলার ভাওয়াল ইউনিয়নের ইউসুফদিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের কয়েকটি গাছ টেন্ডার ছাড়া বিক্রি করা হয়েছে বলে অভিযোগ পাওয়া গেছে। গতকাল সোমবার দুপুরে সরেজমিনে গিয়ে বিক্রি করা এসব গাছ কাটতে দেখা যায়। স্থানীয়রা জানান, বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. লতিফুর রহমান উপজেলার চেয়ারম্যানের নাম ভাঙিয়ে বিভিন্ন প্রজাতির কয়েকটি গাছ বিক্রি করেছেন।

প্রধান শিক্ষক মো. লতিফুর রহমান সব অভিযোগ অস্বীকার করে বলেন, গাছগুলো মারা যাচ্ছিলো তাই উপজেলার চেয়ারম্যানকে জানিয়ে বিদ্যালয় পরিচালনা পর্ষদ কমিটি গাছগুলো বিক্রি করেছেন। তবে স্কুলের এসব গাছ কাটার বিষয়ে কেউ কিছু জানেন না বলে দাবি করেছেন উপজেলা চেয়ারম্যান ওয়াহিদুজ্জামান ও বিদ্যালয়ের পরিচালনা পর্ষদ কমিটির সভাপতি মো. এনায়েত হোসেন । এবিষয় উপজেলা শিক্ষা অফিসার (ভারপ্রাপ্ত) কৃষ্ণ চন্দ্র চক্রবর্তী বলেন, টেন্ডারবিহীন বিদ্যালয়ের গাছ কাটা যাবে না। ওই স্কুলের গাছ কাটার ঘটনাটি শুনেছি। বিষয়টি খতিয়ে দেখা হবে।

এ ব্যাপারে উপজেলা নির্বাহী অফিসার বিশ্বাস রাসেল হোসেন বলেন, স্কুলের গাছ কাটার বিষয়ে তদন্তপূর্বক ব্যবস্থা নেয়া হবে।